

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পাবিপ্রবি) গতকাল রবিবার উৎসবমুখর ও আনন্দঘন পরিবেশে ২০২০-২১ শিক্ষাবর্ষের (১৩তম ব্যাচের) শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে ক্যাম্পাস ছিল জাঁকজমকপূর্ণ ও বর্ণিল। উপ-উপাচার্য এস এম মোস্তফা কামাল খানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপাচার্য হাফিজা খাতুন। সকাল সাড়ে ১০টায় স্বাধীনতা চতুরে পবিত্র ধর্মগ্রন্থ পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়।

বিজ্ঞাপন

এরপর জাতীয় সংগীত পরিবেশন করা হয়। স্বাগত বক্তব্য দেন অনুষ্ঠানের আহ্বায়ক অধ্যাপক এস এম মোস্তফা কামাল খান। নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করেন উপাচার্য ও উপ-উপাচার্য।

অনুষ্ঠানে উপাচার্য হাফিজা খাতুন নবীন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, 'বিশ্ববিদ্যালয়ে জ্ঞান অর্জন এবং জ্ঞান তৈরি করতে হবে। জীবনের প্রতিটি ক্ষেত্রে একটু একটু করে ভালো কাজ করে জমা করতে হবে এবং সেই কাজটিই একসময় বড় হবে।

সাতদিনের  
সেরা